গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কঞও ৫৯০৬২৩৬

# হাওড় অঞ্চলের বন্যাব্যবস্থাপনা ও জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্প (HFMLIP) এর আওতায় স্থানীয় সরকার বিভাগে জলমহাল হস্তান্তর।

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সমঝোতা স্মারকের মাধ্যমে চাহিত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় গৃহীত JICA এর সহায়তাপুষ্ট হাওর অঞ্চলের বন্যাব্যবস্থাপনা ও জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্পে (HFMLIP) এ জলমহাল হস্তান্তরের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সাক্ষীগণের উপস্থিতিতে দুই পক্ষের মধ্যে সমঝোতা স্মারক MOU।

পক্ষসমূহ

ভূমি মন্ত্রণালয়ের পক্ষে অতিরিক্ত সচিব--------------------------------------- প্রথম পক্ষ।

স্থানীয় সরকার বিভাগের, পক্ষে অতিরিক্ত সচিব (উন্নয়ন)----------------------------------দ্বিতীয় পক্ষ।

যেহেতু, দেশের বিভিন্ন অঞ্চলের নদী, খাল বিল, হাওড়, বাওড়, সরকারি খাস পুকুর ইত্যাদির মালিকানা ও কর্তৃত্ব ১ম পক্ষের (ভূমি মন্ত্রণালয়) উপর ন্যস্ত।

যেহেতু, HFMLIP প্রকল্পটি জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির ১২/০৮/২০১৪ খ্রিঃ তারিখের সভায় অনুমোদিত হয়েছে;

যেহেতু, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক চাহিত হাওড় অঞ্চলের বন্যাব্যবস্থাপনা ও জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্পে (HFMLIP) সমঝোতা স্মারকের মাধ্যমে হস্তান্তরের নিমিত্ত জলমহাল চাওয়া হয়েছে। উক্ত চাহিদার আলোকে সুনামগঞ্জ, হবিগঞ্জ, নেত্রকোণা, কিশোরগঞ্জ এবং ব্রাক্ষণবাড়িয়া জেলা হতে প্রতিবেদন চাওয়া হলে চাহিত প্রতিবেদন পাওয়া গিয়েছে।

যেহেতু, প্রকল্পের আওতাভূক্ত জলমহালের উন্নয়নের মাধ্যমে মৎস্য সম্পদ উৎপাদন বৃদ্ধি, মৎস্য অভয়াশ্রম স্থাপন, পরিবেশ উন্নয়ন ও জীব বৈচিত্র সংরক্ষণ করা হবে;

যেহেতু, প্রকল্পের আওতাভূক্ত প্রকৃত দরিদ্র জেলে সম্প্রদায়ের কর্মসংস্থান সৃষ্টিসহ দারিদ্র বিমোচন, আর্থসামাজিক অবস্থার উন্নয়ন ও সরকারি রাজস্ব বৃদ্ধি পাবে;

সেহেতু সরকারি জলমহাল নীতি, ২০০৯ এর ৩ অনুচ্ছেদ অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন হাওড় অঞ্চলের বন্যাব্যবস্থাপনা ও জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্পে (HFMLIP) জলমহাল হস্তান্তরের জন্য ২৬ নং অনুচ্ছেদে বর্ণিত সুনামগঞ্জ জেলায় ৪৩, হবিগঞ্জ জেলায় ৪২, নেত্রকোণা জেলায় ২৩, কিশোরগঞ্জ জেলায় ২৬ এবং ব্রাক্ষণবাড়িয়া জেলায় ৫টি মোট ১৩৯টি জলমহাল নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র ব্যবস্থাপনার অধিকার প্রদান করার জন্য এ সমঝোতা স্মারকটি (MOU) স্থানীয় সরকার বিভাগের ২৮/৮/২০১৬ খ্রিঃ ও ১৩/৫/১৪২৩ বাংলা সন তারিখের ১৩২৬ নং স্মারক এ প্রেরিত স্বাক্ষীগণের উপস্থিতিতে স্বাক্ষরিত হলো।

## শর্তাবলী

১। ভূমি মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হওয়ার আলোকে ভূমি মন্ত্রণালয়ের পক্ষে জলমহালগুলো জেলা প্রশাসক, সুনামগঞ্জ, হবিগঞ্জ, নেত্রকোণা, কিশোরগঞ্জ এবং ব্রাক্ষণবাড়িয়া স্থানীয় সরকার বিভাগের পক্ষে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী এলজিইডি এর নিকট হস্তান্তর করবেন;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কঞ্চ ৫৯০৬২৪৬

২। ২য় পক্ষ আবশ্যিকভাবে বাৎসরিক অগ্রগতি প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করবে। জেলা প্রশাসক আলোচ্য জলমহালের কার্যক্রম মনিটরিং করবে;

৩। প্রকল্প ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটিতে ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি ও জেলা প্রশাসনের প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকবেন ;

৪। হস্তান্তরিত জলমহালের সীমানা/আয়তন পরিবর্তিত হতে পারে এমন কোন কার্যক্রম ২য় পক্ষ গ্রহণ করবে না ;

৫। প্রকল্পের নিকট ন্যস্ত সরকারি জলমহাল এর মালিকানা প্রথম পক্ষ ভূমি মন্ত্রণালয়ের থাকবে এবং ২য় পক্ষ স্থানীয় সরকার বিভাগ উল্লিখিত জলমহাল উন্নয়নকল্পে সুনির্দিষ্ট সময়ের জন্য প্রকল্পের নীতিমালা মোতাবেক টেকসই কার্যক্রম বাস্তবায়ন করবে ;

৬। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ এর অনুচ্ছেদ ৩ এর আলোকে হস্তান্তরিত জলমহালের ব্যবস্থাপনা পরিচালিত হবে ;

৭। সুফলভোগী গ্রুপের তালিকা প্রকল্পের ডিপিপি অনুসারে হতে হবে এবং জেলা/উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে ;

৮। 'উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি ও জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি' বলতে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ উল্লিখিত কমিটিকে বুঝাবে;

৯। প্রথম পক্ষ কর্তৃক হস্তান্তরিত জলমহালগুলোর মেয়াদ হবে জুন ২০২২ পর্যন্ত। প্রথম পক্ষ হস্তান্তরিত জলমহাল গুলোর উন্নয়ন হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ এর ৩ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করবে। স্বাক্ষরিত সমঝোতা স্মারকের মেয়াদ শেষ হলে এবং নতুন করে তা নবায়ন করা না হলে জলমহালসমুহের মালিকানা ও ব্যবস্থাপনা স্বয়ংক্রীয়ভাবে প্রথম পক্ষ ভূমি মন্ত্রণালয়ের নিকট প্রত্যার্পিত হবে। মেয়াদ শেষে হস্তান্তরিত জলমহালগুলো ভূমি মন্ত্রণালয়ে প্রত্যার্পিত হবার পর যে সকল মৎস্যজীবী সমিতি প্রকল্প চলাকালীন জলমহালগুলোর সাথে সংযুক্ত ছিল তাদের এ বিষয়ে কোন অধিকার থাকবে না বা কোন দায় দায়িত্ব ভূমি মন্ত্রণালয় বহন করবে না বা তাদের ব্যাপারে কোন দায়বদ্ধতা থাকবে না;

১০। এ সমঝোতা স্বাক্ষকের আওতায় জলমহালের ১৩৯(একশত উনচল্লিশ) মধ্যে প্রথম পক্ষ কর্তৃক কোন জলমহাল ইজারা ইতঃমধ্যে দেয়া হয়ে থাকলে সেসব জলমহালের ইজারা মেয়াদ শেষ হওয়ার পর পুনরায় ইজারা না দিয়ে হাওড় অঞ্চলের বন্যাব্যবস্থাপনা ও জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্পে হস্তান্তর করতে হবে।

১১। দ্বিতীয় পক্ষ হস্তান্তরিত জলমহালের মৎস্য সম্পদ সংরক্ষণ, মৎস্য উৎপাদন বৃদ্ধি, জীব বৈচিত্র রক্ষার উদ্দেশ্যে জলমহালের সম্পূর্ণ বা অংশ বিশেষে সংরক্ষিত মৎস্য অভয়াশ্রম গড়ে তুলতে পারবেন। জলমহালের সীমানার অভ্যন্তর ভরাট হয়ে যাওয়া অংশ প্রয়োজন অনুযায়ী জেলা প্রশাসককে অবহিত রেখে দ্বিতীয় পক্ষ পুনঃ খনন বা সংস্কার করতে পারবেন।

১২। দ্বিতীয় পক্ষ জলমহালের মৎস্য সম্পদের সর্বোত্তম ও সর্বোৎকৃষ্টভাবে উন্নয়ন নিশ্চিত করবেন। জলমহালের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য জলমহাল সংস্কার ও উন্নয়ন করতে হবে। তবে জলমহালসমুহে পানি প্রবাহ ও নৌ চলাচল ব্যঘাত সৃষ্টি করতে পারে এমন কোন অবকাঠামো নির্মাণ করা যাবে না অথবা পানি দূষিতকরণসহ জনস্বাস্থ্য পরিবেশ হানিকর কোন কর্মকান্ড পরিচালনা করা যাবে না। কৃষি কাজের জন্য পানি ব্যবহার করা যাবে, তবে মৎস্য চাষ যাতে ব্যাহত না হয় সে বিষয়টি নজরে রাখতে হবে ;

১৩। হস্তান্তরিত তালিকাভূক্ত জলমহালগুলোর মধ্যে প্রথম পক্ষ কর্তৃক ইজারা দেয়া কোন জলমহালের ইজারা মেয়াদ কোন কারণে বছরের মাঝামাঝি/তৎপরবর্তী সময়ে উত্তীর্ণ হলে সংশ্লিষ্ট জলমহালটি সম্পূর্ণ বছরের নির্ধারিত ইজারা মূল্য প্রদান করে দ্বিতীয় পক্ষ তা গ্রহণ করবে ;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

কঞ ৫৯০৬২৫৫

১৪। প্রথম পক্ষ কর্তৃক হস্তান্তরিত জলমহালগুলোর ইজারা মেয়াদ বাংলা বর্ষের ১লা বৈশাখ হতে হবে। প্রথম বছরের সাকুল্য ইজারা মূল্য ইজারার তারিখ হতে ১৫(পনের) দিনের মধ্যে এবং পরবর্তী বছরগুলোর ইজারা মুল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা প্রদান করতে হবে। জলমহাল ও পুকুর ইজারা ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জলমহালের ইজারা মুল্য পরিশোধ করে মন্ত্রণালয় এবং জেলা প্রশাসককে অবহিত করতে হবে। জলমহালের ইজারা মূল্য নির্ধারিত হবে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ এর অনুচ্ছেদ ৫(৪)(খ) অনুযায়ী ;

১৫। হস্তান্তরিত জলমহালগুলোর আয়তন ও পরিসীমা দ্বিতীয় পক্ষ কর্তৃক যথাযথ ভাবে সংরক্ষণ করতে হবে। হস্তান্তরিত জলমহাল কোন অবস্থাতেই উপ-ইজারা (Sub-lease) দেয়া যাবে না। প্রকল্পের হস্তান্তরিত কোন জলমহাল উপ-ইজারা দেয়ার প্রমাণ পাওয়া গেলে বা জেলা প্রশাসক থেকে এ ব্যাপারে প্রতিবেদন পাওয়া গেলে উক্ত জলমহালটির প্রকল্পে হস্তান্তরের আদেশ বাতিল করার এখতিয়ার ১ম পক্ষ সংরক্ষণ করবেন ;

১৬। প্রথম পক্ষ বা জেলা প্রশাসক জলমহালগুলো সময় সময় পরিদর্শন করবেন, দ্বিতীয় পক্ষ এ ব্যাপারে প্রথম পক্ষকে সর্বাত্মক সহায়তা প্রদান করবেন ;

১৭। এ প্রকল্পে ন্যস্ত জলমহালগুলোতে প্রকল্প প্রস্তাবনা অনুসারে যথাযথভাবে উন্নয়ন কার্যক্রম গৃহীত হচ্ছে কী-না এবং সর্বশেষ মৎস্যজীবীদের দারিদ্র বিমোচন, আর্থ-সামাজিক উন্নয়ন ও মৎস্য সম্পদ বৃদ্ধিতে জলমহালগুলোর ব্যবস্থাপনা সরেজমিনে পরিদর্শন ও মূল্যায়ন করে ২০ একরের উপরের জলমহালের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি এবং ২০ একর পর্যন্ত জলমহালের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি প্রতি বছর ৩০শে চৈত্রের মধ্যে একটি মূল্যায়ন প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। প্রকল্প কর্তৃপক্ষ যোগাযোগ করে কমিটির মাধ্যমে এ মূল্যায়ন সম্পাদনে সহায়তাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। কমিটিসমূহের মূল্যায়নের ভিত্তিতে পরপর দু বছর যুক্তিসংগত কারণ ব্যতিত প্রকল্পভুক্ত জলমহাল কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে উক্ত প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট জলমহাল ভূমি মন্ত্রণালয়ে প্রত্যার্পিত হবে এবং মন্ত্রণালয় বিধি মোতাবেক উক্ত জলমহাল ব্যবস্থাপনা করবেন। উল্লেখ্য যে, প্রকল্প এলাকার জেলা জলমহাল কমিটিতে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি এবং উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটিতে উপজেলা পর্যায়ের উপজেলা প্রকৌশলী ও প্রকল্প কর্মকর্তা বর্ণিত কমিটিগুলোতে প্রকল্পের প্রতিনিধিত্ব করবেন ;

১৮। ভূমি মন্ত্রণালয় হতে অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তা বা মন্ত্রণালয় কর্তৃক গঠিতব্য কমিটি বছরে ন্যূনতম দুইবার প্রকল্প এলাকা পরিদর্শন করবেন। এক্ষেত্রে দ্বিতীয় পক্ষ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন ;

১৯। এই সমঝোতা স্মারকের কোন শর্ত লংঘন, নির্ধারিত সময়ে ইজারা মূল্য পরিশোধে ব্যর্থতা, সাব-লীজ প্রদান ইত্যাদি কারণে প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে যথাযথ ভাবে অবহিতকরণ পূর্বক একতরফা ভাবে এই সমঝোতা স্মারক বাতিল করতে পারবেন এবং উক্তরূপ বাতিলের ক্ষেত্রে সংশ্লিষ্ট জলমহাল ১ম পক্ষের দখলে আনয়ন করতে পারবেন ;

২০। প্রকল্পের কোন উন্নয়নমূলক কর্মকান্ডে জটিলতা দেখা দিলে প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষ যৌথভাবে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবেন ;

২১। হস্তান্তরিত সকল জলমহালে ডিসপ্লে-বোর্ডে 'ভূমি মন্ত্রণালয় কর্তৃক হস্তান্তরিত জলমহাল' এবং হস্তান্তরের মেয়াদ সুস্পস্টভাবে উল্লেখ করতে হবে।

২২। প্রকল্পের অর্থায়নে বিদেশ ভ্রমণ/অভিজ্ঞতা বিনিময়/প্রশিক্ষণ/কর্মসচীতে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগনের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

২৩। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে বা প্রয়োজনবোধে চুক্তির মেয়াদকালে উভয় পক্ষের সম্মতিক্রমে এ সমঝোতা স্মারক পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করা যাবে ;

২৪। যে সমস্ত জলমহাল নিয়ে মামলা মোকদ্দমাসহ বিভিন্ন আইনী জটিলতা রয়েছে, সেগুলোর বিষয়ে প্রকল্পের সম্মতি ও আইন সক্ষমতা সাপেক্ষে দ্বিতীয় পক্ষের নিকট হস্তান্তর করা যাবে।

২৫। প্রকল্প চলাকালীন সময়ে যদি কোন জলমহাল নিয়ে কোন মামলা মোকদ্দমা বা আইনী জটিলতা সৃষ্টি হয়, তা হলে দ্বিতীয় পক্ষ এক্ষেত্রে আইনী কার্যক্রম পরিচালনা করবেন ;

২৬। এই সমঝোতা স্মারকের অনুভূক্ত সুনামগঞ্জ জেলায় ৪৩, হবিগঞ্জ জেলায় ৪২, নেত্রকোণা জেলায় ২৩, কিশোরগঞ্জ জেলায় ২৬ এবং ব্রাহ্মণবাড়িয়া জেলায় ৫টি মোট ১৩৯টি জলমহাল নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র ব্যবস্থাপনার অধিকার প্রদান করার জন্য এ সমঝোতা স্বারক (MOU) ২৮/৮/২০১৬ খ্রিঃ ও ১৩/৫/১৪২৩ বাংলা সন তারিখে স্বাক্ষীগণের উপস্থিতিতে স্বাক্ষরিত হলো।

২০ একরের উর্দ্ধে এবং ২০ একরের নীচে সুনামগঞ্জ জেলায় ৪৩, হবিগঞ্জ জেলায় ৪২, নেত্রকোণা জেলায় ২৩, কিশোরগঞ্জ জেলায় ২৬ এবং ব্রাহ্মণবাড়িয়া জেলায় ৫টি মোট ১৩৯ টি জলমহালের তালিকা নিম্নে দেয়া হলোঃ-

| ক্রমিক নং | জেলা/উপজেলার নাম | জলমহালের নাম | বর্তমান ইজারা অবস্থা | |
|---|---|---|---|---|
| ১। | ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলা | নগরীর চর গ্রুপ ফিসারি (৫০.৪০একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ২। | | সাতবিলা ফিসারি (৭৫.৬০ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৩। | | ছয়ফুল্লা কান্দি বিল (১১.১০ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৪। | | কাজির বিল (৯.১৭ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৫। | | কানাইনগর বিল (৯.২৮ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| | | ব্রাহ্মণবাড়িয়া জেলায় ২০ একরের উর্দ্ধে ২ টি জলমহাল এবং ২০ একরের নিচে ৩টি মোট ৫টি। | | |
| ৬। | কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলা | নলুয়া বিল (৩.৫৭ একর) | ১৪২৪ বাংলা সনে বর্তমান ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৭। | | দেওয়ার খিলা বিল (৩.৫২ একর) | ১৪২১ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৮। | | জোয়ারিয়া বিল(৯.৪৬ একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৯। | | আতুরী বিল (৯.০০ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১০। | | ছাপড়া বিল (১৩.২০ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১১। | | ননীয়ালা বিল (১৭.৪১একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১২। | | ভাদুতি বিল (১০.০৭ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১৩। | | ভেড়া খাল বিল (১৫.৪০একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১৪। | | বড়উন্দা বিল (১৮.০১ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১৫। | | কালনী বিল (১৯.৯০ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১৬। | | আশা বিল (১০.০২ একর) | ১৪১৬ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১৭। | | ধনিয়ার কোনা বিল (৫.১০ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১৮। | | কুমারী বিল (৩.৫১ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১৯। | | কচুয়া বিল (১৫.৮৭ একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ২০। | | শাপলা বিল (৭.১২ একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ২১। | | কয়রা তেলনি বিল (১৯.৬০ একর) | ইজারাবিহীন। | |
| ২২। | অষ্টগ্রাম | করগাঁও ও - ১/২ গাজীপুর (১৮.৬৫ একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ২৩। | | ব্রম্মপুরা পুকুর (৩.৭৭ একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ২৪। | | শেখেরহাটি সংলগ্ন পুকুর (৫.২০ একর) | ইজারাবিহীন | |
| ২৫। | করিমগঞ্জ | বেড়া চাপড়া (১১.৭৮ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ২৬। | | কালা মানিক্য (৮.৮৫একর) | ১৪২১ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ২৭। | বাজিতপুর | গোজাবিল (৫.০৯একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ২৮। | | বারুদিয়া পাটিবাদ (৩.৫৬একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ২৯। | হোসেনপুর | চর বিশ্বনাথপুর ও দীপেশ্বর মৌজার জলমহাল (১১.০৯একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৩০। | নিকলি | আঠারবেকি ফাইল্লা বিল (১৮.৬১একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৩১। | মিঠামইন | খৈশর দিঘা জলমহাল (৬.২১একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| | | কিশোরগঞ্জ জেলায় ২০ একরের নিচে মোট ২৬টি | | |
| ৩২। | জেলা নেত্রকোণা উপজেলা পূর্বধলা | ডোবা বিল (২৫.৫৬একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৩৩। | | চেচুয়া বিল ও চন্দ্রকোনার ডোবা (২৮.৮৭একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৩৪। | | হোগলা (১৪০.৫২একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৩৫। | | কোমা বিল (৫৩.১৯একর) | অ-ইজারাকৃত | |
| ৩৬। | | আতলা (২২.২০একর) | অ-ইজারাকৃত | |
| ৩৭। | বারহাট্টা | অতীতপুরের নীম (২৪.৩০ একর) | অ-ইজারাকৃত | |
| ৩৮। | | জল জালালাবাদ (৪৫.১৭ একর) | অ-ইজারাকৃত | |
| ৩৯। | | রাঙ্গাদাইর (৩৭.২৮ একর) | অ-ইজারাকৃত | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪০। | | কৈলাকুরি (৫.৮৯ একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৪১। | | গুইংগা জুড়ি বিল (১.৭০ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৪২। | | ফুলাচাউর বিল (১৩.৭৩ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৪৩। | মোহনগঞ্জ | দত্তখিলা বিল (১৯.৫৫একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৪৪। | | আংগাং নয়া খাল (১৫.১০ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৪৫। | আটপাড়া | বনুয়া বিল (৭.২৩ একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৪৬। | | বোরাদিয়া বিল (১৬.১৫একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৪৭। | | নাসিরখালি খাল (৮.৪৮ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৪৮। | | বেকুয়া বিল (৫.৩০ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৪৯। | খালিয়াজুরী | টেকুরী (১২.৪২ একর) | অ-ইজারাকৃত | |
| ৫০। | | বাউন উবদা (৩.৭২ একর) | অ-ইজারাকৃত | |
| ৫১। | | সন্ধোকিয়া (৭.০০ একর) | অ-ইজারাকৃত | |
| ৫২। | | কানকাঠি (১২.৩০ একর) | অ-ইজারাকৃত | |
| ৫৩। | | গাগানী (১১.৪১ একর) | অ-ইজারাকৃত | |
| ৫৪। | | বাগানী (৫.৩০ একর) | অ-ইজারাকৃত | |
| নেত্রকোণা জেলায় ২০ একরের উর্দ্ধে ৮ টি জলমহাল এবং ২০ একরের নিচে ১৫টি মোট ২৩টি। | | | | |
| ৫৫। | হবিগঞ্জ জেলার বানিয়াচং উপজেলা | ছোট বেরী বিল (১৯.২৫একর) | ১৪২৫ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৫৬। | | এরাশান (১৯.২২একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৫৭। | | ছোট মাকড়া ও বড় মাকড়া (১৪.৭১একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৫৮। | | বাল্লা বিল(৮.৮৩একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৫৯। | বাহুবল | বড় পাইকা বিল(১২.৫৩একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৬০। | | পূর্বকুরা বিল (১২.৮৭একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৬১। | | কালিশীরি গ্রুপ জলমহাল (৮.২৪একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৬২। | | কুরা বিল (১১.০৮একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৬৩। | | বড়গারুছড়া বিল (৫.৪৭একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। স্বত্ব মামলা আছে। | |
| ৬৪। | | উজান হাজিয়া বিল(৫.৯৩একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৬৫। | | কাইমালী (৫.৮৯একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। স্বত্ব মামলা আছে। | |
| ৬৬। | | তৈলকুমা বিল (৪.৭২একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। স্বত্ব মামলা আছে। | |
| ৬৭। | আজমিরী গঞ্জ | ছাড়ি বাছিড়া (৮.৫০একর) চাহি | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৬৮। | | দারুয়ার খাল (১৫.৬০একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৬৯। | | ধান গঙ্গা বিল পোংগা (১০.৬৩একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৭০। | | শুকরি বাড়ির খাল (৮.০০ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৭১। | বানিয়াচং | বড় বিল ছোট বিল (৪০.২১একর) | ১৪২৫ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৭২। | | সোনাডুবি বিল (৭২.৫৮একর) | ৯১১৪/১৫ নং রিট পিটিশন দায়ের আছে, স্বত্ব মামলায় নিষেধাজ্ঞা আছে | |
| ৭৩। | | চান্দাউড়া বিল (৪৮.২৮একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৭৪। | | বেরী বিল ধরের বিল (৫০.২৫একর) | ১৪২৫ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৭৫। | | বাউরী রক্ষা বিল (৩৩.৭৪একর) | ১৪২৭ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। স্বত্ব মামলা আছে। | |
| ৭৬। | | ৫৮০৫৬/১ রত্না নদী (৬৬.৮৮একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৭৭। | হবিগঞ্জ সদর | দৌলতপুর ডহর (২০.১একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৭৮। | বানিয়াচং | আন্দা উড়া (৮৫.৭৫একর) | উন্নয়ন প্রকল্পের জন্য ১৪২৩-১৪২৮ বাংলা সন মেয়াদের জন্য আবেদন রয়েছে। | |
| ৭৯। | | দিঘা বিল, বেকা বিল, (২৮.৪৬একর) | ১৪২৫ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৮০। | | বড়ভাটা ছোটভাটা (২৮.৯৪একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। তবে স্বত মামলা আছে। | |
| ৮১। | | বাঘা বিল (৪২.৮২একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৮১। | | কুশিয়ারা নদী ১ম খন্ড (৩৮.৯একর) | ১৪২২-১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে এবং ৭২/৯৯ স্বত্ব নং মামলা আছে। স্থায়ী নিষেধাজ্ঞা আছে। রিট আছে। | |
| ৮২। | | বুড়াজুড়া নদী ও ইহার জাওর (২৬.২৮একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮৩। | | বড়আন্দা বালিখাল ও আখুকুড়া জাওড় (৫২.১১একর) | ১৪২৫ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৮৫। | | কুটিয়ারা বিল,উদগারখাল ও কুটিয়ারার খাল (৩৫.৫১একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। তবে উন্নয়ন প্রকল্পের জন্য ১৪২৩-১৪২৮ বাংলা সন মেয়াদের জন্য আবেদন পাওয়া গিয়েছে । | |
| ৮৬। | | চাতল জড়া চাকুরা বিল ৪৫.৩একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৮৭। | | কাচা সিংড়া বিল (২০.২৭একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৮৮। | বাহুবল | কালিশিরি নদী (৫৫.১৪একর) | ১৪২২-১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে এবং স্বত্ব আপীল ২৯/১৫ মামলায় নিষেধাজ্ঞা আছে | |
| ৮৯। | | সাকুয়া বিল (২৯.৭৮একর) | ১৪২৩-১৪২৫ বাংলা মেয়াদে ইজারার জন্য ২০.০৪.১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সিদ্ধান্তকৃত। | |
| ৯০। | | আইডুবা বিল (২৬.১৫একর) | স্বত্ব মামলায় নিষেধাজ্ঞা আছে | |
| ৯১। | আজমিরী গঞ্জ | ছিলারা গ্রুপ ফিসারী (৪৪.১৭একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৯২। | | সাটিয়া বিল (৪৮.৫৫একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৯৩। | | পুম বিল (৩২.১২একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৯৪। | | টেরার বিল, দারগর বিল প্রঃ শরডুবি বিল(২৯.৩২একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৯৫। | | কৈয়া বিল নদী গর্ভে ফাটা বিল ডাকু চৌলুঙ্গা ভরাট (৩৫.৪১একর) | ১৪১০ এর পর ইজারা হয়নি। | |
| ৯৬। | | নলাই বিল(৪৪.৭১একর) | ১৪২০ বাংলা সন পর্যন্ত ইজারা হয়েছে। ১৪২১ হতে ৯৮৭১/১৪ রিট পিটিশনের মাধ্যমে স্থগিতাদেশ আছে | |
| হবিগঞ্জ জেলায় ২০ একরের উর্দ্ধে ২৬ টি জলমহাল এবং ২০ একরের নিচে ১৬টি মোট ৪২টি। | | | | |
| ৯৭। | সুনামগঞ্জ দিরাই | বোয়ালিয়া বিল (৩৩.৬২ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ৯৮। | | ছোট নাইন্দা ও বড় নাইন্দা (৪২.২৯ একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ৯৯। | | লম্বা বিল (২৩.৭৭ একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১০০। | | চাতল দিঘা ও রমজানপুরের বিল (৫৪.৬৬ একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১০১। | | মৌয়া বিল (২০.৭৯ একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১০২। | | সোমা নদী (১৯২.৮ একর) | ১৪২৬ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১০৩। | ধর্মপাশা | চট অব সানবাড়ী (৭৫.৩৪ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১০৪। | | নদী কুলমা (১) (৪৬.৭১ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১০৫। | | মেধা বিল- ১ (৬২.৭১ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১০৬। | | মেধা বিল- ২ (৬০.৮ একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১০৭। | | কুমারিয়া বিল (৪৫.৯২ একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১০৮। | | করচা বিল (২৪.৯৫একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১০৯। | | শিমুল তলা চিকন দাইড় (১০২.৩৮একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১১০। | | মরা নদী (২৪.২৮একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১১১। | | কুকরাইল বিল ও দাইড় (২৯.৫২একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১১২। | | লুচনী বিল (৭০.২৯একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১১৩। | | শিমুল তলা খাল (২৪.৬৭একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১১৪। | দক্ষিন সুনামগঞ্জ | ভান্ডা বিল ও হাজিরা বিল (২৮.১৭একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১১৫। | | কৈয়া বিল ও বনুয়া বিল (৫৭.৭১একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১১৬। | | নারায়নজান নদী (২৯.১৮একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১১৭। | | হুরুয়া রৌয়া গ্রুপ বিল (৭০.৪০একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১১৮। | | জগরিয়া হুমাইয়া পুটকা ও বড় বিল (৩৩.৪৯একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১১৯। | | পাখিমারা রামগুটা জলকরপুঞ্জ বিল (৮৮.৯৪একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১২০ | | বাগুয়া বিল, দিঘাবিল, মাটিয়া বিল ও চাপড়া বিল (৩৮.১০একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১২১। | | হুনুয়া ছুনুয়া বিল ও ইহার কাড়া (২৬.৬২একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১২২। | | কালডোরা নাকডোরা বিল (৭২.১৭একর ) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১২৩। | | লুমার দাইড় (২১.৮৪একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১২৪। | | কাষ্ঠচাপড়া লুমার দাইড় (৩১.৫৮একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২৫। | সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলা | গাগনি বিল (১৪.৫একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১২৬। | ছাতক | কালাসুন্দা বিল (১৮.৮একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১২৭। | | হুরুরা বিল (৫.২৮একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১২৮। | | বাসু বিল (বান্দ) (৪.২৫একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১২৯। | | সোহারা বিল (১৮.১৫একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১৩০। | ধর্মপাশা | হলদি হাওড় (১৪.২৮একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১৩১। | | সাতারিয়া, পালারিয়া বিল (১৬.৭৮একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১৩২। | | কুর্শি কোনা ডোয়ার (৬.৯একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১৩৩। | | কীর্তনখোলা (১৯.৬১একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১৩৪। | | সোনা ডোরা (১৯.৭৫একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১৩৫। | | হীরাজান রানী উদ্ধার ও উদ্দানী বিল (১৫.১৩একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১৩৬। | | বড় কাম দিঘি (১০.৭৫একর) | ১৪২৩ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১৩৭। | | বাশ উদ্ধার ডোয়ার পুর্ব ও পশ্চিম পাড় (৯.৮২একর) | ১৪২৪ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হবে। | |
| ১৩৮ | দক্ষিন সুনামগঞ্জ | নলুয়া বিল (৮.৭৪একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| ১৩৯। | | সুরাইয়া বিল (১৩.৩একর) | ১৪২২ বাংলা সন ইজারার মেয়াদ শেষ হয়েছে। | |
| সুনামগঞ্জ জেলায় ২০ একরের উর্দ্ধে ২৮ টি জলমহাল এবং ২০ একরের নিচে ১৫টি মোট ৪৩টি। | | | | |

প্রথম পক্ষ
মোঃ আকরাম হোসেন
অতিরিক্ত সচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

দ্বিতীয় পক্ষ
জ্যোতির্ময় দত্ত
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

সাক্ষী

১। উপসচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়

৩। (মোহাম্মদ ফারুক-উজ-জামান)
সিনিয়র সহকারী সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা

২। (মোঃ রাশেদুল ইসলাম)
উপসচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৪। (মোঃ জাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা